


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
স্বাস্থ্য সেবা বিভাগ  
শুংখলা অধিশাখা  
[www.mohfw.gov.bd](http://www.mohfw.gov.bd)

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০২৮.২০১৫- ২২

তারিখঃ ২০.০১.২০১৮খ্রিঃ

বিষয়ঃ অধঃস্তন চিকিৎসকদের তদারকি কাজে অবহেলার জন্য সতর্ককরণ প্রসংগে।

এতদ্বারা আপনাকে জানানো যাচ্ছে যে, সিভিল সার্জন হিসেবে আপনার অন্যতম প্রধান দায়িত্ব হচ্ছে আপনার অধীন কর্মরত সকল ডাক্তারদের তদারকি করা, কর্মস্থলে উপস্থিত থেকে তাঁরা যাতে জনগনকে সঠিকভাবে সেবা প্রদান করে তা নিশ্চিত করা। কিন্তু অতীব দুঃখের বিষয় এই যে, বিগত ১০ই ডিসেম্বর ২০১৭ তারিখ কুমিল্লা সদর দক্ষিণ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে কোন ডাক্তার উপস্থিত ছিলেন না মর্মে অভিযোগ পাওয়া যায়। আপনার নিকট এই বিষয়ে মৌখিকভাবে তদন্ত প্রতিবেদন চাওয়া হলে আপনি জানান যে, দুইজন ডাক্তার বিনা অনুমতিতে কর্মস্থল থেকে অনুপস্থিত ছিলেন। আপনি নিজে উদ্যোগী হয়ে আপনার অধীনস্থ ডাক্তারদের হাসপাতালে অনুপস্থিতির বিষয় উদঘাটন করেননি বরং আপনাকে মন্ত্রণালয় থেকে অনুরোধ করার পর আপনি তদন্ত করে প্রতিবেদন দিয়েছেন। কুমিল্লা সদর দক্ষিণ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে বিনা অনুমতিতে ডাক্তারদের অনুপস্থিতি আপনার দায়িত্বহীনতার পরিচয় বহন করে। আপনার এরূপ দায়িত্বহীনতার জন্য আপনাকে নির্দেশক্রমে সতর্ক করা হলো এবং ভবিষ্যতে দায়িত্বশীল হওয়ার জন্য পরামর্শ দেয়া হলো।

  
২০.০১.২০১৮  
(আসমা তাসকিন)  
উপসচিব


সিভিল সার্জন, কুমিল্লা

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০২৮.২০১৫- ২২/৩ (৭)

তারিখঃ ০৮.০১.২০১৮খ্রিঃ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন প্রেরণ করা হলোঃ

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৩। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৪। সিভিল সার্জন, (সকল)
- ৫। সিস্টেম এনালিস্ট স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়(মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
- ৬। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৭। অতিরিক্ত সচিব(প্রঃ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

  
২০.০১.২০১৮  
(আসমা তাসকিন)  
উপসচিব

ফোনঃ ৯৫৪৫০২৮

[sasdisc1@mohfw.gov.bd](mailto:sasdisc1@mohfw.gov.bd)